# পাট আইন, ২০১৭

( ২০১৭ সনের ৫ নং আইন )

**Jute Ordinance, 1962 রহিতক্রমে উহা সুসংহতকরণ এবং পাটের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি, চাষ সম্প্রসারণ, গুণগত মান উন্নয়ন, পাট শিল্পের বিকাশ ও গবেষণা কার্যক্রম পরিচালনা এবং প্রয়োজনীয় অন্যান্য বিষয়ে বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন**

যেহেতু Jute Ordinance, 1962 (Ordinance No. LXXIV of 1962) রহিতক্রমে উহা সুসংহত করিয়া এবং পাটের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধি, চাষ সম্প্রসারণ, গুণগত মান উন্নয়ন, পাট শিল্পের বিকাশ ও গবেষণা কার্যক্রম পরিচালনা এবং প্রয়োজনীয় অন্যান্য বিষয়ে বিধান প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন পাট আইন, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে-

(১) "আদেশ" অর্থ এ আইনের অধীন, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, প্রদত্ত কোন আদেশ;

(২) "এজেন্ট" অর্থ পাট ও পাটজাত পণ্য ক্রয়, বিক্রয় বা মজুদ করিবার জন্য সরকার বা পাট ব্যবসার সহিত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক নিয়োজিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(৩) "চুক্তি" অর্থ বাংলাদেশের অভ্যন্তরে বা বাহিরে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট পাট বা পাটজাত পণ্য উৎপাদন ও ক্রয়-বিক্রয় সংক্রান্ত চুক্তি;

(৪) "পাট" অর্থ পাট গাছের আঁশ, জীব বিজ্ঞানে যাহা -

(ক) জেনাস করকরাস (Genus Corchorus) নামে পরিচিত, এবং উক্ত জেনাসের সকল স্পেসিস (species), আঞ্চলিক ভাষায় যাহা পাট, কোস্টা, নাইল্যা, সাদা পাট (Corchorus Capsularis), তোষা পাট (Corchorus Olitorius), যে নামেই অভিহিত হউক;

(খ) কেনাফ (Hibiscus Cannabinus) আঞ্চলিক ভাষায় যাহা মেস্তা (Hibiscus Sabdariffa) হিসাবে পরিচিত;

(৫) "পাটখড়ি" অর্থ পাট গাছ হইতে পাটের আঁশ বা তন্তু আহরণের পর অবশিষ্ট কঠিন অংশ;

(৬) "পাট চাষি" অর্থ এমন কোন ব্যক্তি যিনি নিজে বা তাহার পরিবারের সদস্য, দিন মজুর, অর্ধ-ভাগী বা বর্গাদার দ্বারা তাহার দখলীয় নিজ জমিতে পাট উৎপাদন করেন বা যিনি অন্যের জমি বর্গামূলে পাট চাষ করেন;

(৭) "পাটজাত পণ্য" অর্থ পাটের তৈরি হেসিয়ান, সেকিং, রশি, গানিব্যাগ, টুয়াইন, ইয়ার্ন-সুতা, মেটিং, সিবিসি, কার্পেট, জিওজুট, ফেল্ট, চট বা থলি; এবং পাটগাছ, পাটপাতা ও পাট হইতে প্রস্তুতকৃত অন্য কোন পণ্য; এবং পাটখড়ি হইতে প্রস্তুতকৃত পণ্যও উহার অন্তর্ভুক্ত হইবে;

(৮) "প্রেস মালিক" অর্থ এমন কোন ব্যক্তি যিনি কোন পাট প্রেস বা পাট প্রেসের মালিক, এবং কোন পাট প্রেস বা পাট প্রেসের বিষয়াদির দায়িত্বপ্রাপ্ত ব্যবস্থাপনা প্রতিনিধিও উহার অন্তর্ভুক্ত হইবে, তবে প্রেস ভাড়া বা ইজারার মাধ্যমে পরিচালনা করেন এমন কোন ব্যক্তি উহার অন্তর্ভুক্ত হইবেন না;

(৯) "বহুমুখী পাটজাত পণ্য" অর্থ প্রচলিত পাটজাত পণ্য যথা:– হেসিয়ান, সেকিং, সিবিসি এবং ছয় কাউন্ট ও তদূর্ধ্ব পাট সূতা ব্যতীত এইরূপ কোনো পণ্য যে পণ্য প্রস্তুতে পাট বা পাটজাত দ্রব্য ব্যবহারের আধিক্য ন্যূনতম পঞ্চাশ ভাগ;

তবে সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উক্তরূপ পরিমাণ হ্রাস-বৃদ্ধি করিতে পারিবে;

(১০) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত কোন বিধি;

(১১) "ব্যক্তি" অর্থে যে কোন ধরনের কোম্পানি, সংঘ, সমিতি, অংশীদারী কারবার, প্রতিষ্ঠান, সংস্থা, অন্য কোন কৃত্রিম আইনগত সত্ত্বাসহ উহাদের প্রতিনিধিও অন্তর্ভুক্ত হইবে;

(১২) "ব্যবসায়ী" অর্থ এমন কোন ব্যক্তি যিনি পাট বা পাটজাত পণ্য ক্রয়, ক্রয়ের মধ্যস্থতা, বিক্রয়, শ্রেণি যাচাই, বাঁধাই, বা পাট সূতা বা পাটজাত পণ্য তৈরির ব্যবসার সহিত সম্পৃক্ত;

(১৩) "সরকার" অর্থ বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

**পাট ও পাটজাত**

**পণ্য উৎপাদন ও প্রসার, গবেষণা ও পাট চাষে উদ্‌বুদ্ধকরণে সরকারের ক্ষমতা**

৩। পাট ও পাটজাত পণ্য উৎপাদন ও প্রসার, গবেষণা ও পাট চাষে উদ্‌বুদ্ধকরণে সরকার নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করিতে পারিবে, যথা :-

(ক) মানসম্মত উচ্চ ফলনশীল পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহ;

(খ) পাট চাষের উন্নয়ন, পাট পণ্যের বিপণন ও সম্প্রসারণ কার্যক্রম পরিচালনা;

(গ) স্থানীয় ও আন্তর্জাতিক বাজার চাহিদার সহিত সংগতি রাখিয়া পাট ও পাটজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি;

(ঘ) পাট চাষের জন্য ভূমি ব্যবহারের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;

(ঙ) বহুমুখী পাটজাত পণ্যের গবেষণা, উদ্ভাবন, উৎপাদন এবং ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম পরিচালনা;

(চ) পাট সংশ্লিষ্ট তথ্য ব্যবস্থাপনা কার্যক্রম শক্তিশালী ও আধুনিকীকরণ;

(ছ) পাট চাষিদের প্রয়োজনীয় তথ্য সরবরাহ এবং সহায়তা প্রদান; এবং

(জ) পাট গবেষণা, পাটের চাষ ও উৎপাদনে উদ্‌বুদ্ধকরণ, পাটজাত পণ্যের ব্যবহার বৃদ্ধি ও বাজার সৃষ্টিকরণের জন্য প্রয়োজনীয় প্রণোদনা প্রদান ও পুরস্কারের ব্যবস্থা গ্রহণ;

(ঝ) আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণের মাধ্যমে বাজার বহুমুখীকরণের উদ্যোগ গ্রহণ।

**পাট ও পাটজাত পণ্যের ব্যবসা উন্নয়ন ও সম্প্রসারণে সরকারের ক্ষমতা**

৪। (১) পাট ও পাটজাত পণ্যের ব্যবসা উন্নয়ন ও সম্প্রসারণে সরকারের নিম্নবর্ণিত ক্ষমতা থাকিবে, যথা :-

(ক) পাট ও পাটজাত পণ্যের অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাণিজ্য সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;

(খ) পাট ও পাটজাত পণ্যের ব্যবসা তদারকি ও নিয়ন্ত্রণ;

(গ) দেশের অভ্যন্তরে ও বিদেশে পাট ও পাটজাত পণ্য পরিবহন এবং জাহাজীকরণ সংক্রান্ত ব্যবস্থাপনায় সহায়তাকরণ;

(ঘ) ব্যবসায়ী এবং প্রেস মালিকগণকে লাইসেন্স প্রদান, নবায়ন এবং স্থগিত বা বাতিলকরণ;

(ঙ) পাট ও পাটজাত পণ্য উৎপাদন, বিপণন ও রপ্তানি সংক্রান্ত বিষয়ে পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং প্রচার; এবং

(চ) প্রয়োজনীয় ক্ষেত্রে পাট ব্যবসা সংক্রান্ত কোন ব্যবসা প্রতিষ্ঠান অধিগ্রহণ, পরিচালনা বা ব্যবস্থাপনার দায়িত্ব গ্রহণ।

(২) সরকার, সময় সময়, নিম্নবর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে, যথা :

(ক) পাট ও পাটজাত পণ্যের গুণগতমান ও শ্রেণি বিন্যাসকরণ;

(খ) মূল্য স্থিতিকরণ, জরুরি মজুদ কার্যক্রম বা রাষ্ট্রীয়ভাবে পাটের ব্যবসা পরিচালনার জন্য প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ; এবং

(গ) মূল্য স্থিতিকরণ বা সহায়ক কর্মসূচি, জরুরি মজুদ কার্যক্রম বা রাষ্ট্রীয়ভাবে পাটের ব্যবসা কার্যক্রম হইতে সরকারের পক্ষে বা বিপক্ষে উদ্‌ভূত কোন দাবির নিষ্পত্তি।

**লাইসেন্স প্রদান**

৫। (১) পাট ও পাটজাত পণ্যের ব্যবসা পরিচালনার জন্য, এই ধারার বিধানাবলি সাপেক্ষে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, লাইসেন্স গ্রহণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোন পাট চাষি কর্তৃক তাহার নিজ উৎপাদিত পাট বিক্রয় করিবার ক্ষেত্রে কোন লাইসেন্স গ্রহণের প্রয়োজন হইবে না। তবে তিনি সরাসরি রপ্তানি করিতে চাহিলে সেই ক্ষেত্রে লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(২) সকল ব্যবসায়ী এবং প্রেস মালিককে পাট ব্যবসা পরিচালনার জন্য লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(৩) এই আইনের অধীন প্রদত্ত লাইসেন্সে প্রয়োজনীয় শর্তের উল্লেখ থাকিবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন প্রদত্ত শর্তানুযায়ী পাট ব্যবসা পরিচালনা করিতে হইবে।

(৫) এই আইনের অধীন প্রদত্ত লাইসেন্স হস্তান্তরযোগ্য হইবে না।

(৬) এই আইনের অধীন প্রদত্ত লাইসেন্সের মেয়াদ সংশ্লিষ্ট আর্থিক বৎসরের শেষাবধি বলবৎ থাকিবে এবং বিধি দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে বৎসর ভিত্তিক নবায়ন করিতে হইবে।

(৭) লাইসেন্স গ্রহণ বা নবায়নের জন্য আদেশ দ্বারা নির্ধারিত ফি জমা প্রদান করিতে হইবে।

(৮) এই ধারার অধীন প্রদত্ত বা নবায়নকৃত লাইসেন্স নিম্নবর্ণিত কারণে স্থগিত বা বাতিল করা যাইবে, যথা :-

(ক) এই আইন বা তদধীন প্রণীত বিধিমালার কোন বিধান লংঘন করা হইলে;

(খ) যেই শর্তাধীন লাইসেন্স প্রদান করা হইয়াছে, উহা লংঘন করা হইলে;

(গ) যেই ব্যবসার জন্য লাইসেন্স প্রদান করা হইয়াছে, সেই ব্যবসা পরিচালনা করা না হইলে বা সেই ব্যবসার স্বার্থ বিক্রয় বা অন্য কোনভাবে হস্তান্তর করা হইলে;

(ঘ) অভ্যন্তরীণ ব্যবসা, রপ্তানি বা বৈদেশিক বিনিময় নিয়ন্ত্রণ সংক্রান্ত কোন আইন লংঘন করা বা পালনে ব্যর্থ হইলে;

(ঙ) প্রতারণার মাধ্যমে কোন লাইসেন্স গ্রহণ করা হইলে বা গ্রহণের চেষ্টা করা হইলে;

(চ) আদেশ দ্বারা নির্ধারিত ফি জমা প্রদানে ব্যর্থ হইলে;

(ছ) ব্যবসা, বাণিজ্য বা শিল্প সংক্রান্ত এমন কোন কার্য করা হইলে যাহা সরকারের মতে জনস্বার্থের পরিপন্থি; বা

(জ) গুণগতমান, মূল্য, চার্জ বা কমিশন সংক্রান্ত এই আইনের অধীন জারীকৃত কোন আদেশ লংঘন করা হইলে।

(৯) লাইসেন্স সাময়িক বাতিল বা বাতিলের কারণে কোন লোকসান বা ক্ষয়-ক্ষতির জন্য লাইসেন্সধারী কোন ক্ষতিপূরণ প্রাপ্তির অধিকারী হইবেন না।

**আপিল**

৬। (১) এই আইনের ধারা ৫ এর অধীন প্রদত্ত কোন আদেশ দ্বারা কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি উক্তরূপ আদেশ প্রাপ্তির ৩০(ত্রিশ) দিনের মধ্যে বিধি দ্বারা নির্ধারিত কর্তৃপক্ষের নিকট আপিল দায়ের করিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন আপিল বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে দাখিল করিতে হইবে।

(৩) আপিল কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

**মূল্য নির্ধারণ**

৭। (১) সরকার, আদেশ দ্বারা, বিভিন্ন শ্রেণির পাট বা পাটজাত পণ্যের সর্বনিম্ন এবং সর্বোচ্চ মূল্য নির্ধারণ করিতে পারিবে, এবং সকল এলাকা বা ব্যক্তি বা গোষ্ঠী বা নির্দিষ্ট কোন এলাকা বা গোষ্ঠীর ক্ষেত্রে উক্তরূপে মূল্য নির্ধারণ করা যাইবে।

(২) উপ-ধারা (১) এর অধীন আদেশ দ্বারা নির্ধারিত সর্বনিম্ন মূল্যের কম বা সর্বোচ্চ মূল্যের অধিক মূল্যে কোন ব্যক্তি পাট বা পাটজাত পণ্য ক্রয়-বিক্রয় করিতে পারিবে না।

**বেলিং চার্জ, ইত্যাদি**

৮। সরকার, আদেশ দ্বারা, বেল বাঁধাই বা মজুদ বা এজেন্ট বা ব্রোকারের কমিশনের সর্বোচ্চ হার নির্ধারণ করিতে পারিবে এবং বিভিন্ন এলাকা বা শ্রেণির